শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
মবিঅ-২ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mowca.gov.bd

নং ৩২.০০.০০০০.০২৯.০৭.০৫০.১৭-৩৪

তারিখ: ২৫ ফেব্রুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ
১২ ফাল্গুন ১৪২৭ বাংলা

# সেলাই মেশিন ক্রয়, বরাদ্দ ও ব্যবস্থাপনা নীতিমালা ২০২১

১। এই নীতিমালা মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন 'সেলাই মেশিন ক্রয়, বরাদ্দ ও ব্যবস্থাপনা নীতিমালা ২০২১' নামে অভিহিত হবে।

## ২। প্রেক্ষাপট:

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় 'জেন্ডার সমতাভিত্তিক সমাজ ও সুরক্ষিত শিশু' ভিশন বাস্তবায়নে 'নারী ও শিশুর অধিকার প্রতিষ্ঠা এবং নারীর ক্ষমতায়নের মাধ্যমে তাঁদের সামগ্রিক উন্নয়নের মূল স্রোতধারায় সম্পৃক্তকরণে কাজ করছে। 'মহিলা বিষয়ক অধিদপ্তর' এই মন্ত্রণালয়ের অধীনস্থ একটি সেবাধর্মী প্রতিষ্ঠান। নারীর আত্মকর্মসংস্থান ও অর্থনৈতিক কর্মকান্ডে সম্পৃক্ত করার জন্য এ অধিদপ্তরের মাধ্যমে বিভিন্ন কার্যক্রম পরিচালিত হচ্ছে। জেলা এবং উপজেলা পর্যায়ে মহিলা বিষয়ক অধিদপ্তরের কার্যালয়সমূহে অবস্থিত প্রশিক্ষণ কেন্দ্রে মহিলাদের সেলাই প্রশিক্ষণসহ বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়। অনেকক্ষেত্রে দুঃস্থ, অসহায় ও আর্থিকভাবে অস্বচ্ছল নারীদের পক্ষে সেলাই মেশিন ক্রয় করে তার প্রশিক্ষণলব্ধ জ্ঞান ব্যবহার করা সম্ভব হয়না। ফলে ইচ্ছা থাকা সত্ত্বেও অসহায় নারীর পক্ষে আত্নকর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে অর্থনৈতিক কর্মকান্ডে অংশগ্রহনের সুযোগ থাকে না। প্রশিক্ষিত নারী এবং সেলাই কাজে দক্ষ দুঃস্থ ও অসহায় নারীদের উৎপাদনের মূলধারায় সম্পৃক্ত করা ও আত্ম-কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে অধিদপ্তরের অনুকূলে প্রতি অর্থ বছরে নির্ধারিত খাতে প্রদত্ত থোক বরাদ্দ হতে সেলাই মেশিন ক্রয় করে মহিলাদের মধ্যে বিতরণ করা হয়। সমাজের অনগ্রসর মহিলাদের অর্থনৈতিক স্বাবলম্বিতা অর্জনের মাধ্যমে স্বনির্ভর করে উন্নয়নের মূলধারায় সম্পৃক্ত করাই এ কার্যক্রমের মূল উদ্দেশ্য।

## ৩। ক্রয় প্রক্রিয়া:

i. ক্রয় কার্যক্রম প্রতিবছর আগস্ট মাসের পূর্বেই আরম্ভ করতে হবে।
ii. পিপিএ ২০০৬ ও পিপিআর ২০০৮ অনুযায়ী সেলাই মেশিন ক্রয় প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।
iii. সেলাই মেশিন ও সংশ্লিষ্ট সরঞ্জামাদি ক্রয়ের ক্ষেত্রে উৎপাদনকারী প্রতিষ্ঠান/ ১ম পক্ষীয় ডিলারের নিকট থেকে পণ্য ক্রয় করতে হবে।
iv. প্রতিটি সেলাই মেশিনে 'মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বরাদ্দকৃত' খোদাই করা থাকতে হবে।
v. প্রতিটি সেলাই মেশিনের উৎপাদন তারিখ ও একটি ইউনিক নম্বর খোদাই করা থাকতে হবে।
vi. প্রতিটি সেলাই মেশিনের ০২ (দুই) বছরের ওয়্যারেন্টি/ গ্যারান্টি থাকতে হবে। সরবরাহকারী প্রতিষ্ঠান ওয়্যারেন্টি/ গ্যারান্টি কার্ড প্রদান নিশ্চিত করবে।
vii. সরবরাহকারী প্রতিষ্ঠান মন্ত্রণালয় কর্তৃক বিভাজনের ভিত্তিতে নির্ধারিত বরাদ্দ অনুযায়ী বিভিন্ন জেলায় সেলাই মেশিন সরবরাহ করবে।
viii. অধিদপ্তর ও জেলা পর্যায়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা প্রতিটি সেলাই মেশিনের গুণগত মান নিশ্চিত হয়ে সেলাই মেশিন গ্রহন করবেন এবং গ্রহণ প্রতিবেদন অধিদপ্তরে প্রেরণ করবেন।

## ৪। বরাদ্দ বিভাজন ও অনুমোদন:

ক. কোন অর্থবছরে সেলাই মেশিন ক্রয়ের জন্য প্রাপ্ত অর্থ দ্বারা ক্রয়কৃত সেলাই মেশিন বিতরণে সংসদ সদস্যগণের আধা-সরকারি পত্র (ডিও), ব্যক্তি আবেদন, প্রাতিষ্ঠানিক আবেদন ও বিশেষ আবেদন বিবেচনা করা হবে।

খ. সেলাই মেশিনের বিতরণের ক্ষেত্রে সংখ্যা ও বিভাজন মাননীয় মন্ত্রী/ প্রতিমন্ত্রী, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় নির্ধারণ করবেন।

গ. সংসদ সদস্যগণের আধা-সরকারি পত্র (ডিও) এবং ব্যক্তি/ প্রাতিষ্ঠানিক/ বিশেষ আবেদনের ক্ষেত্রে মাননীয় মন্ত্রী/ প্রতিমন্ত্রী সেলাই মেশিনের বরাদ্দ অনুমোদন করবেন।

## ৫। সেলাই মেশিন বরাদ্দ প্রাপক:

### ক. ব্যক্তি:

i. সেলাই মেশিন বরাদ্দের উপযোগী ব্যক্তি ১৮-৬০ বছর বয়স্ক মহিলা হবেন।

ii. অসহায়, দুঃস্থ, বিধবা, সেলাই মেশিন চালনায় সক্ষম শারীরিক প্রতিবন্ধী মহিলাগণ ও সামাজিক প্রতিবন্ধী (Transgender) সেলাই মেশিন বরাদ্দের ক্ষেত্রে অগ্রাধিকার পাবেন।

iii. বিভাগীয় শহরে পরিচালিত 'মহিলা সহায়তা কর্মসূচীর' আওতাধীন 'মহিলা সহায়তা কেন্দ্র', One Stop Crisis Centre (OCC) এবং নিরাপদ হেফাজতী কেন্দ্রে আশ্রিতা, নির্যাতিতা মহিলাদের মধ্যে সেলাই প্রশিক্ষণপ্রাপ্ত মহিলাদের আর্থিক অবস্থা বিবেচনায় অগ্রাধিকার প্রদান করা হবে।

iv. কোন ব্যক্তি একবার সেলাই মেশিন বরাদ্দ পেলে পরবর্তী ০৫ (পাঁচ) বছরে সেলাই মেশিনের বরাদ্দের জন্য আবেদন করতে পারবেন না।

### খ. প্রতিষ্ঠান:

i. প্রতিষ্ঠানের ক্ষেত্রে এনজিও বিষয়ক ব্যুরো, মহিলা বিষয়ক অধিদপ্তর, সমাজ সেবা অধিদপ্তর, যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত সমিতি/প্রতিষ্ঠান ও সরকার কর্তৃক পরিচালিত ও অনুমোদিত মহিলাদের সেলাই বিষয়ে প্রশিক্ষণ প্রদানকারী শিক্ষা প্রতিষ্ঠান/ সংগঠন/ সংস্থাকে সেলাই মেশিন বরাদ্দ প্রদান করা যাবে।

ii. বরাদ্দপ্রাপ্ত সেলাই মেশিনসমূহ প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কাজে ব্যবহার করতে হবে। ব্যক্তি পর্যায়ে বিতরণ করা যাবে না।

## ৬। আবেদন প্রক্রিয়া:

ক. **লিখিত আবেদন প্রক্রিয়া:**

i. **সংসদ সদস্য কতৃক প্রেরিত আধা-সরকারি পত্র (ডিও):**

সংশ্লিষ্ট সংসদীয় এলাকার মাননীয় সংসদ সদস্যগণ নিজ এলাকার অসহায়, দুঃস্থ, বিধবা, সেলাই মেশিন চালনায় সক্ষম শারীরিক প্রতিবন্ধী মহিলাগণ ও সামাজিক প্রতিবন্ধী (Transgender)-দের মধ্য থেকে অগ্রাধিকার তালিকা প্রস্তুতপূর্বক তাদের ১ কপি পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, সেলাই মেশিন প্রশিক্ষণ সংক্রান্ত সনদ (যদি থাকে) সহ সংসদ সদস্যগণের নাম, সংসদ সদস্য নম্বর, নির্বাচনী এলাকা, মোবাইল ও ইমেইল নম্বরসহ অফিসিয়াল প্যাডে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/ প্রতিমন্ত্রী বরাবর সুপারিশসহ আধা-সরকারি পত্র প্রেরণ করবেন।

ii. **ব্যক্তিগত:**

অসহায়, দরিদ্র সেলাই কাজে দক্ষ এবং আত্নকর্মসংস্থানে উদ্যোগী এমন মহিলা জাতীয় পরিচয় পত্র/ জন্মনিবন্ধন পত্রের ফটোকপি, এক কপি পাসপোর্ট সাইজের ছবিসহ 'নির্ধারিত ফরমে' মাননীয় মন্ত্রী/ প্রতিমন্ত্রী/ সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় বরাবর আবেদন করবেন।

iii. **প্রতিষ্ঠান:**

এনজিও বিষয়ক ব্যুরো, মহিলা বিষয়ক অধিদপ্তর, যুব উন্নয়ন অধিদপ্তর বা সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত কোন মহিলা সংগঠন বা প্রশিক্ষণ কেন্দ্র সংস্থার কার্যক্রম, অর্জন ও প্রশিক্ষণ সংক্রান্ত তথ্যসহ সংস্থার নিজস্ব প্যাডে 'নির্ধারিত ফরমে' মাননীয় মন্ত্রী/ প্রতিমন্ত্রী/ সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় বরাবর আবেদন করবেন।

* নির্ধারিত ফরম মন্ত্রণালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, জেলা ও উপজেলা পর্যায়ে মহিলা বিষয়ক অধিদপ্তরের কার্যালয় ও মন্ত্রণালয়ের ওয়েবসাইট থেকে সংগ্রহ করা যাবে।

খ. **অনলাইনে আবেদন প্রক্রিয়া:**

i. একসেবা/ mygov প্ল্যাটফরমে অনলাইনে তথ্য প্রদান করে আবেদন করা যাবে।

ii. ব্যক্তিগত ও প্রাতিষ্ঠানিক আবেদনের ক্ষেত্রে নির্ধারিত ওয়েবসাইটে প্রবেশপূর্বক প্রয়োজনীয় কাগজপত্র আপলোড করে অনলাইনের নির্ধারিত নিয়ম অনুসরণ করে আবেদন করতে পারবেন।

৭। **আবেদন যাচাই, চূড়ান্তকরণ ও অনুমোদন:**

ক. সংসদ সদস্যগণ কর্তৃক প্রেরিত আধা-সরকারি পত্র (ডিও) পর্যালোচনাপূর্বক মাননীয় মন্ত্রী/ প্রতিমন্ত্রী মহোদয়ের সম্মতিক্রমে বিতরণ তালিকা চূড়ান্তকরণ ও অনুমোদন করবেন।

খ. ব্যক্তিগত ও প্রাতিষ্ঠানিক ক্ষেত্রে প্রাপ্ত আবেদনসমূহ সংশ্লিষ্ট শাখা কর্তৃক প্রাথমিক যাচাই-বাছাইপূর্বক অনুমোদনের জন্য মাননীয় মন্ত্রী/ প্রতিমন্ত্রী/ সচিব বরাবর উপস্থাপন করতে হবে।

৮। **বরাদ্দ, বিতরণ ও বিতরণ প্রতিবেদন :**

ক. **জিও জারিকরণ:**

i. অনুমোদিত তালিকা অনুসারে ব্যক্তি ও প্রতিষ্ঠানের অনুকূলে দায়িত্বপ্রাপ্ত শাখা/অধিশাখা কর্মকর্তা ০২ (দুই) মাসের মেয়াদ উল্লেখ করে জিও জারি করবেন।

ii. নির্ধারিত সময়ের মধ্যে সেলাই মেশিন সংগ্রহ করতে ব্যর্থ হলে বরাদ্দ প্রাপকের আবেদনের ভিত্তিতে সচিব মহোদয়ের অনুমোদনক্রমে ০১ (এক) মাসের সময় বৃদ্ধি করে পূনরায় জিও জারি করা যাবে।

iii. প্রাকৃতিক দুর্যোগ বা দৈব দুর্বিপাকের কারণে সেলাই মেশিন সংগ্রহ করতে ব্যর্থ হলে বরাদ্দ প্রাপকের আবেদনের ভিত্তিতে সচিব মহোদয়ের অনুমোদনক্রমে ১৫ (পনের) দিন সময় বৃদ্ধি করে পূনরায় জিও জারি করা যাবে।

খ. **সেলাই মেশিন গ্রহণে বরাদ্দ প্রাপকের করণীয়:**

i. জিও প্রাপকগণ কর্তক জাতীয় পরিচয় পত্র, ক্ষেত্রমতে জন্মনিবন্ধনপত্র, ৩০০.০০ (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে প্রিন্ট করা নির্ধারিত অঙ্গিকারনামাসহ উপেজেলা নির্বাহী অফিসার/ গেজেটেড অফিসার/ ওয়ার্ড কাউন্সিলর/ ইউপি চেয়ারম্যান কর্তৃক সত্যায়িত ছবি দাখিল করে বরাদ্দ আদেশ জারীর ০২ (দুই) মাসের মধ্যে সেলাই মেশিন গ্রহণ করতে হবে। অন্যথায় বরাদ্দ আদেশ বাতিল বলে গণ্য হবে।

ii. নির্ধারিত সময়ের মধ্যে সেলাই মেশিন সংগ্রহে ব্যর্থ হলে কারণ উল্লেখপূর্বক মন্ত্রণালয়ের মাননীয় সচিব বরাবর সময় বৃদ্ধির আবেদন করতে হবে।

iii. আবেদনকারী নিজে সেলাই মেশিন গ্রহণে অপরাগ হলে গেজেটেড কর্মকর্তা/ স্থানীয় ইউপি চেয়ারম্যান/ ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক সত্যায়িত ক্ষমতাপত্র (Authorization letter) এবং মূল বরাদ্দপত্রসহ তার প্রতিনিধির মাধ্যমে সেলাই মেশিন গ্রহণ করতে পারবেন।

গ. **সংশ্লিষ্ট দপ্তর জিও প্রাপ্তির পর করণীয়:**

i. সংশ্লিষ্ট জেলার উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর বরাদ্দ প্রাপকের সাথে যোগাযোগ করে ৩০০.০০ (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে প্রিন্ট করা নির্ধারিত অঙ্গিকারনামা ও সংশ্লিষ্ট কাগজপত্র যাচাইপূর্বক বরাদ্দ প্রাপক বা তার মনোনিত প্রতিনিধির পরিচয় নিশ্চিত হয়ে প্রয়োজনীয় প্রাপ্তিস্বীকার গ্রহণ করে সেলাই মেশিন হস্তান্তর করবেন।

ii. সেলাই মেশিন হস্তান্তরের ০৫ কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট জেলার উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর সেলাই মেশিন বরাদ্দ প্রাপকের নাম, পিতা/ স্বামীর নাম, মাতার নাম, ঠিকানা, জাতীয় পরিচয়পত্র নম্বর, মোবাইল নম্বর ও বিতরণকৃত সেলাই মেশিনে ইউনিক নম্বর (যদি থাকে) সম্বলিত বিতরণ সংক্রান্ত একটি প্রতিবেদন মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর বরাবর প্রেরণ করবেন এবং উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে প্রতিবেদনের অনুলিপি প্রেরণ করবেন।

iii. মহিলা বিষয়ক অধিদপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জেলা থেকে প্রাপ্ত বিতরণ তথ্য ওয়েবসাইটে আপলোডকরত: ০৯ অনুচ্ছেদ অনুসারে তৈরী অনলাইন ডাটাবেইজ আপ-টু-ডেট করে মন্ত্রণালয়কে অবহিত করবেন।

iv. নির্ধারিত ০২ (দুই) মাসের মধ্যে কোন সেলাই মেশিন বিতরণ/ হস্তান্তর না হলে, গ্রহিতার নাম, ঠিকানা, জাতীয় পরিচয়পত্র নং, মোবাইল নম্বর এবং বিতরণ না করার কারণ উল্লেখ করে একটি প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করবেন।

ঘ. নষ্ট, অকেজো বা ব্যবহার অনুপযোগী সেলাই মেশিনের ওয়্যারেন্টি/ গ্যারান্টি দাবী:

i. বিতরণকৃত কোন সেলাই মেশিন ওয়্যারেন্টি/ গ্যারান্টির সময়ের মধ্যে নষ্ট, অকেজো বা ব্যবহার অনুপযোগী হলে বরাদ্দ প্রাপক স্থানীয় উপজেলা কার্যালয়ে অবহিত/অভিযোগ করবেন।

ii. উপজেলা কার্যালয়ের কর্মকর্তা দ্রুত বিষয়টি জেলা কার্যালয়ের মাধ্যমে মহিলা বিষয়ক অধিদপ্তরকে অবহিত করবেন।

iii. এধরণের তথ্য প্রাপ্তির পর সেলাই মেশিনের ইউনিক নম্বর (যদি থাকে) নিশ্চিত হয়ে মহিলা বিষয়ক অধিদপ্তর সরবরাহকারী/ উৎপাদনকারী প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করে সেলাই মেশিনের ওয়্যারেন্টি/ গ্যারান্টির সুবিধা দাবী করে সেলাই মেশিনটি মেরামত/ পরিবর্তনের ব্যবস্থা করবে।

iv. মহিলা বিষয়ক অধিদপ্তর প্রতিটি সেলাই মেশিন মেরামতের তথ্য ডাটাবেইজে লিপিবদ্ধ করবে।

## ৯। ডাটাবেইজ তৈরী:

বরাদ্দকৃত অর্থের বিনিময়ে ক্রয়কৃত সেলাই মেশিনের একটি বিতরণ ডাটাবেইজ প্রস্তুত করবে। ডাটাবেইজটি সেলাই মেশিন বিতরণ সংক্রান্ত কার্যক্রমের একটি মনিটরিং টুল হিসেবে কাজ করবে।

i. চূড়ান্ত অনুমোদনের পর জিও জারির সাথে ডাটাবেইজে তথ্য আপলোড করতে হবে।

ii. স্বাক্ষরিত জিও-এর কপি ওয়েবসাইটে আপলোড করতে হবে।

iii. বিতরণ ও অবিতরণকৃত সেলাই মেশিনের তথ্য মহিলা বিষয়ক অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তাকে ডাটাবেইজে আপলোড নিশ্চিত করতে হবে।

iv. ডাটাবেইজের অনলাইন ভার্সন সকলের অবলোকন ও যাচাইয়ের জন্য মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশিত হবে।

v. ডাটাবেইজে ওয়ারেন্টি/ গ্যারান্টির আওতায় মেরামতকৃত সেলাই মেশিনগুলোর মেরামত সংক্রান্ত তথ্য সন্নিবেশিত থাকবে।

## ১০। মনিটরিং:

i. সংশ্লিষ্ট জেলার উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর সেলাই মেশিন বিতরণ ও মজুদের ত্রৈমাসিক প্রতিবেদন মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তরের মাধ্যমে মন্ত্রণালয়ে প্রেরণ করবে।

ii. মন্ত্রণালয় ও অধিদপ্তরের কর্মকর্তাগণ মাঠ পরিদর্শনকালে সেলাই মেশিন বিতরণ ও মজুদ অনলাইন তথ্যের সাথে যাচাই করবেন এবং বিষয়টি পরিদর্শন প্রতিবেদনে উল্লেখ করবেন।

iii. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বিতরণকৃত সেলাই মেশিনসমূহের ব্যবহার ও কার্যক্রম মনিটরিংকরবেন এবং উপপরিচালক, জেলা মহিলা বিষয়ক অধিদপ্তর বরাবর প্রতিবেদন প্রদান করবেন।

## ১১। সেবা সহজীকরণ:

সেলাই মেশিন বিতরণের ক্ষেত্রে সেবার ধাপ কমিয়ে সেবা সহজীকরণের বিষয়ে মন্ত্রণালয় ব্যবস্থা গ্রহণ করবে এবং কার্যকর সহজীকরণ প্রক্রিয়া অনুসরণ করা হবে।

২৫/০২/২০২১

কাজী রওশন আক্তার
সিনিয়র সচিব
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

12-1

নং ৩২.০০.০০০০.০২৯.০৭.০৫০.১৭-৩৪

তারিখ: ২৫ ফেব্রুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ
১২ ফাল্গুন ১৪২৭ বাংলা

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
২. মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি, দোয়েল চত্তর, শাহবাগ, ঢাকা।
৩. নিবাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা, ১৪৫ বেইলি রোড, ঢাকা।
৪. ব্যবস্থাপনা পরিচালক, জয়িতা ফাউন্ডেশন, ধানমন্ডি, ঢাকা।
৫. পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
৬. উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর (সকল জেলা)।

**সদয় অবগতির জন্য অনুলিপি বিতরণ:**

১. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. প্রোগ্রামার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (নীতিমালাটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।
৪. অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. অফিস কপি।